

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৩৭০. ২০১৬-১২৬০

তারিখঃ ০২/০৫/১৬


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৪৫৭৯/২০১৬ এর গত ১২/৪/২০১৬ তারিখের আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৩নং শালনগর ইউনিয়ন এবং ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা পুনঃবিন্যাসের জন্য বাদী-জনাব কাওসার শেখ, পিতা-মৃত ওয়াহেদ শেখ, গ্রাম-কুচিয়াগ্রাম, থানা-আলফাডাঙ্গা, জেলা-ফরিদপুর ও মোসাম্মৎ হাসনা হেনা, পিতা-মৃত মোহাম্মদ সরদার, গ্রাম-চান্দরা, গ্রাম-কামার গ্রাম, থানা-আলফাডাঙ্গা, জেলা-ফরিদপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৫৭৯/২০১৬নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনের ১২-০৪-২০১৬ তারিখের আদেশে নড়াইল জেলার লোহাগড়া উপজেলার ৩নং শালনগর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের বাসিন্দাদের ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডে ভোটার হিসেবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার কারণে তাদের কেন শালনগর ইউনিয়ন পরিষদের ভোটার তালিকাভুক্ত করা হবে না এবং গোপালপুর ইউনিয়নের ভোটার তালিকা থেকে বাদ দেয়া হবে না সে মর্মে কারণ দর্শাতে বলা হয়েছে। এ ছাড়া মামলার বাদীর ১৪-১২-২০১৫ তারিখের আবেদন আদেশ প্রাপ্তির ০১(এক) মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য ২নং বিবাদী, প্রধান নির্বাচন কমিশনার মহোদয়কে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখ্য, মামলার আরজির সাথে সংযুক্ত জনাব মোঃ কাওসার শেখ ও মোসাম্মৎ হাসনা বেগম এর ১৪/১২/২০১৫ তারিখের আবেদনে নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৩নং শালনগর ইউনিয়ন এবং ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ ও ভোটার তালিকা পুনঃবিন্যাসের জন্য প্রধান নির্বাচন কমিশনার বরাবরে অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)। সীমানা নির্ধারণ সংক্রান্ত আবেদন নিষ্পত্তির জন্য জেলা প্রশাসক, ফরিদপুর ও নড়াইলকে অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন ৩নং শালনগর ইউনিয়ন এবং ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ২নং গোপালপুর ইউনিয়ন পরিষদের ভোটার তালিকা পুনঃবিন্যাস সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের কপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০৯৯৫।

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০২। সিনিয়র সহকারী সচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।